দৈনিক
ইত্তেফাক

তাং ... 10 JUL 2009 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ......

# প্রতি উপজেলায় দুটি শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব হবে

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

দেশের প্রতিটি উপজেলায় অন্ততঃ দুটি শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব প্রতিষ্ঠা করা হবে বলে সংসদকে জানিয়েছেন বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান। তবে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের জন্য সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার এমপিদের পরামর্শ নেয়া হবে বলেও জানিয়েছেন তিনি। গতকাল সোমবার জাতীয় পার্টির হাফিজ উদ্দিন আহমেদের এক প্রশ্নের উত্তরে তিন এ তথ্য জানান। ল্যাব স্থাপনের জন্য একটি কলেজ এবং একটি স্কুলকে নির্বাচন করা হবে।

অপর এক প্রশ্নের উত্তরে তিনি জানান, গাজীপুরের কালিয়াকৈরে দ্রুততার সঙ্গে হাইটেক পার্ক স্থাপনের পাশাপাশি দেশের অপর ৫টি বিভাগীয় শহরে একটি করে আইটি ভিলেজ স্থাপন করা হবে। তিনি জানান, দেশের গ্রামাঞ্চলের অল্প শিক্ষিতদের জন্য মোবাইল ব্যবহারোপযোগী করতে বাংলা সফটওয়্যারের মোবাইল প্রচলনের জন্য সরকার কাজ করছে।

**দুই ডজন ছাত্রী হোস্টেলের 'বেগম খালেদা জিয়া' নাম বদলের প্রস্তাব**

দেশের দুই ডজন সরকারি কলেজের ছাত্রী হোস্টেলের নাম বেগম খালেদা জিয়া হোস্টেল রাখা প্রসঙ্গে নড়াইলের এস কে আবু বাকেরের এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সংসদকে জানান, স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি চাইলে এ নাম পরিবর্তন করার সুযোগ আছে।

শিক্ষামন্ত্রী জানান, ঢাকা শহরের অনেক মাধ্যমিক পর্যায়ের স্কুলের শিক্ষকরা ১৫/১৬ বছর ধরে এক স্কুলে চাকরি করছেন। এক্ষেত্রে ৫ বছরের বেশী সময় যারা এক স্কুলে কাজ করছেন তাদের বদলী করার নির্দেশ দেয়া হয়েছে।

শিক্ষামন্ত্রী জানান, বর্তমানে দেশে ২ হাজার ৬২১টি প্রধান শিক্ষকের পদ এবং ৭ হাজার ৩১৫টি সহকারী শিক্ষকের পদ খালি রয়েছে। আগামী ৬ মাসের মধ্যে এসব শূন্যপদ পূরণ করা হবে। অপর এক প্রশ্নের উত্তরে তিনি জানান, মাদ্রাসাকে এখনই মূল শিক্ষা বোর্ডের আওতাধীন করার কোন পরিকল্পনা সরকারের নেই।